

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো-২য় পর্যায়  
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)


স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০৬.১৬.০০০০.২১. ৬২৫

তারিখ: ১২ আগষ্ট, ২০২৫ খ্রি.

বিষয়: উপজেলা দপ্তরের হিসাব রক্ষণাবেক্ষণ কার্যাদি শুধুমাত্র অনলাইন সফটওয়্যারের তথ্যের ভিত্তিতে না করা

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের ঋণ কার্যক্রম মনিটরিং এর জন্য ৩৬০ ডিগ্রি মাইক্রোসফট সফটওয়্যার ব্যবহার করা হয়। উক্ত সফটওয়্যারটি প্রকল্পের আওতায় পরিচালিত ঋণ কার্যক্রম অনলাইন মনিটরিং এর উদ্দেশ্য প্রস্তুত ও ব্যবহৃত হয়ে থাকে। ফলে সফটওয়্যার হতে প্রাপ্ত আর্থিক তথ্যাবলী একমাত্র নির্ভরশীল হিসেবে চূড়ান্তভাবে বিবেচনাযোগ্য নহে। উপজেলা পর্যায়ে প্রকল্পের আর্থিক হিসাব নিকাশ সম্পাদনের জন্য ম্যানুয়ালি ব্যবস্থা যেমন-ক্যাশ বহি, জেনারেল লেজার, ঋণ লেজার, সঞ্চয় লেজারসহ বিভিন্ন সাবসিডিয়ারি লেজার ব্যবহার করার নির্দেশনা প্রদান করা হয়েছে। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, উপজেলায় ম্যানুয়ালি সংরক্ষিত উৎস হতে প্রাপ্ত তথ্য ব্যবহার না করে মনিটরিং সফটওয়্যার হতে প্রাপ্ত তথ্য ব্যবহার করে প্রকল্পের আর্থিক প্রতিবেদন প্রস্তুত ও প্রেরণ করা হচ্ছে, ফলশ্রুতিতে উপজেলার প্রকৃত তহবিল প্রাপ্তি, খাতওয়ারী ব্যয়, সেবামূল্য আদায়, সঞ্চয় আদায়, মাঠে ঋণ স্থিতি, উপজেলার তহবিল স্থিতিসহ বিভিন্ন বিষয়ে সঠিক তথ্য পাওয়া যাচ্ছে না। ভুল তথ্যের ভিত্তিতে আর্থিক প্রতিবেদন প্রস্তুতের ফলে ব্যাংক স্থিতির সংগে উপজেলার তহবিল স্থিতির গড়মিল পরিলক্ষিত হচ্ছে, যা আশঙ্কাজনক।

এমতাবস্থায়, প্রকল্পের কার্যক্রম মনিটরিং জন্য প্রস্তুতকৃত সফটওয়্যার হতে প্রাপ্ত আর্থিক তথ্যাদি একমাত্র নির্ভরযোগ্য উৎস হিসেবে ব্যবহার না করে উপজেলা পর্যায়ে ম্যানুয়ালি হিসাব রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় রেজিস্টার সমূহ ব্যবহার করার অনুরোধ করা হলো এবং সকল প্রকার আর্থিক প্রতিবেদন প্রস্তুতির ক্ষেত্রে ম্যানুয়ালি প্রাপ্ত তথ্য ব্যবহার করতে হবে, প্রয়োজনে তা সফটওয়্যারের তথ্যের সংগে মিলিয়ে সঠিকতা যাচাই করা যেতে পারে।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক  
ফোন-০২৪১০১০৩৪৩  
iresppwad@gmail.com

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,  
উপজেলা....., জেলা..... (প্রকল্পভূক্ত সকল উপজেলা)

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

১. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা
২. উপপরিচালক, বিআরডিবি, (প্রকল্পভূক্ত সকল জেলা)
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা
৪. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা
৫. সহকারী পল্লী উন্নয়ন অফিসার, ইরেসপো, (প্রকল্পভূক্ত সকল উপজেলা)
৬. অফিস কপি।